রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৯, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১১—১১৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩০৩—৩২৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৭—৫২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৩—২৫৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১১ ডিসেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-১৯৭/৮০(অংশ)-৬৮৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ইউসুফ, পিতা-খোরশেদ আলম, মাতা-ছকিনা বেগম, গ্রাম-বাঞ্চানগর, হোল্ডি নং-৫৭১, ১৪ নং ওয়ার্ড, উপজেলা-লক্ষ্মীপুর সদর, জেলা-লক্ষ্মীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লক্ষ্মীপুর জেলার সদর পৌরসভার ১৩, ১৪ ও ১৫ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১৬০/৭৭-৬৭৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আব্দুছ ছালাম, পিতা-মোঃ ওয়াজদ্দিন মুন্সী, মাতা-রিজিয়া বেগম, গ্রাম-চরকামার কান্দি (মুন্সীবাড়ী), ডাকঘর-নিলখী বন্দর-৭৯৩১, ওয়ার্ড নং-৯ (নয়), ইউনিয়ন-নিলখী, উপজেলা-শিবচর, জেলা-মাদারীপুর।) এই আইন ও উহার অধীন

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মাদারীপুর জেলার শিবচর উপজেলার নিলখী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১৬০/৭৭-৬৮০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা-মৃত শফিজদ্দিন মাদবর, মাতা-মৃত ছাহেরা বেগম, গ্রাম-চরশ্যামাইল, ডাকঘর-বরহামগঞ্জ-৭৯৩০, ওয়ার্ড নং-৩ (তিন), ইউনিয়ন-শিবচর, উপজেলা-শিবচর, জেলা-মাদারীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মাদারীপুর জেলার শিবচর উপজেলার-শিবচর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৫৮/২০০৩-৬৮১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আলমগীর হোসেন, পিতা-মৃত এ,বি,এম মিজানুর রহমান, মাতা-মৃত আনোয়ারা বেগম, গ্রাম-শিবরাম, ডাকঘর-কাঁঠালবাড়ী, উপজেলা-কুড়িগ্রাম, জেলা-কুড়িগ্রাম।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার সদর উপজেলার ১নং কাঁঠালবাড়ী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-১৬/৯৯-৬৯৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মারুফ হোসেন, পিতা-মোঃ ইসকান্দার আলী, মাতা-মেহেরুন নেসা, গ্রাম-চকপাড়া, ডাকঘর-নতুন ভারেঙ্গা, উপজেলা-বেড়া, জেলা-পাবনা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পাবনা জেলার বেড়া উপজেলার ২নং ভারেঙ্গা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৯ ডিসেম্বর ২০১৬

**নং বিচার-৭/২এন-৩৭/২০০২-৬৯৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ওয়াশিকুর রহমান, পিতা-মোঃ আব্দুর রহমান মন্ডল, মাতা-আসমা খাতুন, গ্রাম-টাকপাড়া, ডাকঘর-ঘোলদাড়ী বাজার, উপজেলা-আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ১৫নং আইনলহাস ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৩৭/২০০২-৬৯৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব নাজমুল হক, পিতা-আব্দুর রাজ্জাক, মাতা-নাজমা খাতুন, গ্রাম-কাবিলনগর, ডাকঘর-খাসকররা, উপজেলা-আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ১২নং খাসকররা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৫০/২০০৩-৭০০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব কাজী নাহিদ হাসান, পিতা-কাজী শেখ মোঃ আলতাফ হোসেন, মাতা-সখিনা বেগম, গ্রাম-পশ্চিম ব্রাহ্মন্দী, ৫২/২, ডাকঘর-নরসিংদী সরকারি কলেজ, উপজেলা নরসিংদী সদর, জেলা-নরসিংদী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার সদর উপজেলার সদর পৌরসভার ২ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

## কৃষি মন্ত্রণালয়

### সম্প্রসারণ-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৬

**নং ১২.০০.০০০০.০৫২.২৭.০৯০.১৬.১০৮৫**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ ফারুক হোসাইন (পরিচিতি নং-২৪২৮), উপজেলা কৃষি কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট (প্রাক্তন মেট্রোপলিটন কৃষি অফিসার, সিলেট ও প্রাক্তন প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, শেরপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (misconduct)" এর অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের ০৩ মে ২০১৬ তারিখের ১২.০৫২.০২৭.০০.০০.০৯০.২০১৬-৪১৬ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করতঃ (মামলা নং-০৩/২০১৬) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করলে গত ১৪ জুন ২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীঅন্তে বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে গুরুদণ্ড প্রদানের যথেষ্ট উপাদান থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) (সি) মতে এ বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য এ মন্ত্রণালয়ের তৎকালীন উপ-সচিব (বর্তমান যুগ্ম-সচিব) জনাব বলাই কৃষ্ণ হাজরা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, জনাব মোঃ ফারুক হোসাইন (পরিচিতি নং-২৪২৮) গত ২৪ আগস্ট, ২০১৫ থেকে ১৮ নভেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত ৮৭ (সাতাশি) দিন বিনানুমতিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ/নির্দেশ অমান্য করে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং সচেতনতার সাথে ইচ্ছাকৃতভাবে সত্য গোপন করে মিথ্যার আশ্রয় নিয়েছেন, যা তদন্তে প্রমাণিত হয়েছে। তাঁর এ ধরনের আচরণ অত্যন্ত গর্হিত ও গুরুতর অপরাধ এবং 'অসদাচরণ' এর আওতাভুক্ত। অতএব তাঁকে "অসদাচরণ (misconduct)" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) মোতাবেক তাঁর মূল বেতন টাইম স্কেলের নিম্নধাপে (lower stage) নামিয়ে দেয়ার লঘুদণ্ড প্রদান এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে তাঁর অনুকূলে ২৪ আগস্ট ২০১৫ হতে ১৮ নভেম্বর ২০১৫ পর্যন্ত মোট ৮৭ (সাতাশি) দিন বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ ফারুক হোসাইন (পরিচিতি নং-২৪২৮), উপজেলা কৃষি কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট (প্রাক্তন মেট্রোপলিটন কৃষি অফিসার, সিলেট ও প্রাক্তন প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, শেরপুর) কে "অসদাচরণ (misconduct)" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৭ম গ্রেডে তাঁর মূল বেতন টাকা ৩৩৫৮০/- হতে সর্বনিম্ন ধাপ টাকা ২৯০০০/- এ ০২ (দুই) বছরের জন্য অবনমিত করার লঘুদণ্ড (reduction from current stage in the time scale Tk. 33580/- to the lowest stage of the time scale Tk. 29000/- for two years) প্রদান করা হলো। ০২ (দুই) বছরের দণ্ড ভোগ শেষে তিনি বেতনস্কেলের বর্তমান ধাপে অর্থাৎ টাকা ৩৩৫৮০/- এ প্রত্যাবর্তন করবেন। তিনি ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে এর বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। তাছাড়া ২৪ আগস্ট ২০১৫ হতে ১৮ নভেম্বর ২০১৫ পর্যন্ত কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য মোট ৮৭ (সাতাশি) দিন বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১২.০০.০০০০.০৫২.২৭.০৮৯.১৬.১০৮৬**—যেহেতু, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নন-ক্যাডার ১ম শ্রেণির কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রশিদ মিঞা, সংগনিরোধ রোগতত্ত্ববিদ, উপ-পরিচালকের কার্যালয়, ডিএই, বাগেরহাট (প্রাক্তন সংগনিরোধ রোগতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের ০৬ অক্টোবর ২০১৫ তারিখের ১২.০৫২.০২৭.০০.০০.০৮৯.২০১৫-১১৬৯ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করতঃ (মামলা নং-০৩/২০১৫) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করলে গত ১৮ নভেম্বর ২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীঅন্তে বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে গুরুদণ্ড প্রদানের যথেষ্ট উপাদান থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) (সি) মতে এ বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য এ মন্ত্রণালয়ের প্রশাসন-২(সেবা) অধিশাখার উপ-সচিব জনাব কে এম আবদুল ওয়াদুদ কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মতে যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ আব্দুর রশিদ মিঞা কর্তৃক কাঁচাতুলা আমদানিকারক প্রতিষ্ঠান মেসার্স জমজম স্পিনিং মিলের ছাড়পত্র প্রদানের দাখিলকৃত ১২-০৭-২০১৫ তারিখের আবেদনের তারিখ ঘষামাজা করে ০৮-০৭-২০১৫ হিসেবে পরিবর্তনের অভিযোগ প্রমাণিত হয়েছে, যা অত্যন্ত গর্হিত ও গুরুতর অপরাধ এবং 'অসদাচরণ' এর আওতাভুক্ত। তবে এ কৃতকর্মের মাধ্যমে তাঁর আর্থিকভাবে লাভবান হওয়ার বিষয়টি তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান না হওয়ায় তাঁকে "অসদাচরণ (misconduct)" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) মোতাবেক তাঁর মূল বেতন টাইম স্কেলের নিম্নধাপে (lower stage) ০২ (দুই) বছরের জন্য নামিয়ে দেয়ার লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয়;

সেহেতু, জনাব মোঃ আব্দুর রশিদ মিঞা, সংগনিরোধ রোগতত্ত্ববিদ, উপ-পরিচালকের কার্যালয়, ডিএই, বাগেরহাট (প্রাক্তন সংগনিরোধ রোগতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম) কে "অসদাচরণ (misconduct)" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে তাঁর মূল বেতন টাকা ৩২৫৪০/- হতে সর্বনিম্ন ধাপ টাকা ২২০০০/- এ ০২ (দুই) বছরের জন্য অবনমিত করার লঘুদণ্ড (reduction from current stage in the time scale Tk. 32540/- to the lowest stage of the time scale Tk. 22000/- for two years) প্রদান করা হলো। ০২ (দুই) বছরের দণ্ড ভোগ শেষে তিনি বেতনস্কেলের বর্তমান ধাপে অর্থাৎ টাকা ৩২৫৪০/- এ প্রত্যাবর্তন করবেন। তিনি ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে এর বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১২.০০.০০০০.০৫২.২৭.০৮৬.১৬.১০৮৭**—যেহেতু বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোঃ সামসুল আলম (পরিচিতি নং-১৮৪২), উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার প্রাক্তন কর্মস্থল গজারিয়া, মুন্সীগঞ্জে উপজেলা কৃষি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি, স্বেচ্ছাচারিতা, সার-ব্যবস্থাপনা মনিটরিংসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন না করায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (misconduct)" এর অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের ২১ জানুয়ারি ২০১৬ তারিখের ১২.০৫২.০২৭.০০.০০.০৮৬.২০১৫-৫৪ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করতঃ (মামলা নং-০১/২০১৬) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করলে গত ১৯ এপ্রিল ২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীঅন্তে বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে গুরুদণ্ড প্রদানের যথেষ্ট উপাদান থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২) (সি) মতে এ বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য এ মন্ত্রণালয়ে উপ-সচিব জনাব মোঃ আসাদুজ্জামান কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, জনাব মোঃ সামসুল আলম (পরিচিতি নং-১৮৪২), প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ ৩০ এপ্রিল ২০১৪ তারিখ হতে ০৫ মে ২০১৪ তারিখ পর্যন্ত সময়সহ একাধিক কর্ম দিবসে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং সার-ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা, উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের পাক্ষিক পরিদর্শন কর্মসূচি প্রণয়ন ও সংরক্ষণসহ বিভিন্ন দাপ্তরিক কার্যক্রমে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ পালনে চরম অবহেলা ও উদাসীনতা প্রদর্শন করেছেন, যা তদন্তে প্রমাণিত হয়েছে। তাঁর মত অভিজ্ঞ কর্মকর্তার ক্ষেত্রে অফিসে অনুপস্থিত থেকে সরকারি কাজে বিঘ্ন সৃষ্টি করা এবং কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্য করা অত্যন্ত গর্হিত অপরাধ এবং "অসদাচরণ (misconduct)" এর আওতাভুক্ত বিধায় তাঁকে "অসদাচরণ (misconduct)" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) মোতাবেক তাঁর মূল বেতন টাইম স্কেলের নিম্নধাপে (lower stage) ০২ (দুই) বছরের জন্য নামিয়ে দেয়ার লঘুদন্ড প্রদান এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর অনুকূলে ৩০-০৪-২০১৪ হতে ০৫-০৫-২০১৪ এবং ০৭-০৫-২০১৪, ৩১-০৮-২০১৪, ০১-০৯-২০১৪, ০২-০৯-২০১৪, ১৪-১০-২০১৪, ০২-১১-২০১৪, ১১-১১-২০১৪ মোট ১৩ দিন বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ সামসুল আলম (পরিচিতি নং-১৮৪২), উপজেলা কৃষি কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ কে "অসদাচরণ (misconduct)" এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (ই) মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৫ম গ্রেডে তাঁর মূল বেতন টাকা ৫৩৬১০/- হতে সর্বনিম্ন ধাপ টাকা ৪৩০০০/- এ ০২ (দুই) বছরের জন্য অবনমিত করার লঘুদণ্ড (reduction from current stage in the time scale Tk. 53610/- to the lowest stage of the time scale Tk. 43000/- for two years) প্রদান করা হলো। ০২ (দুই) বছরের দণ্ড ভোগ শেষে তিনি বেতনস্কেলের বর্তমান ধাপে অর্থাৎ টাকা ৫৩৬১০/- এ প্রত্যাবর্তন করবেন। তিনি ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে এর বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। তাছাড়া কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর অনুকূলে ৩০-০৪-২০১৪ হতে ০৫-০৫-২০১৪ এবং ০৭-০৫-২০১৪, ৩১-০৮-২০১৪, ০১-০৯-২০১৪, ০২-০৯-২০১৪, ১৪-১০-২০১৪, ০২-১১-২০১৪, ১১-১১-২০১৪ মোট ১৩ দিন বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সচিব।

**তথ্য মন্ত্রণালয়**

**বেতার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ পৌষ ১৪২৩/১৮ ডিসেম্বর ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২১.২৭.০০১.১৬.৫২৫**—বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের সহকারী পরিচালক (অনুষ্ঠান) জনাব মোঃ রাসেল শেখ-কে তথ্য মন্ত্রণালয়ের ০৯-০৬-২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২১.২৭.০০১.১৬.২৫১ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্তকরতঃ বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় সংযুক্ত করা হয়। পরবর্তীতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০৮/২০১৬ রুজু করা হয়। তথ্য মন্ত্রণালয়ের ০৭-১২-২০১৬ তারিখের ৫০১ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করায় জনাব মোঃ রাসেল শেখ এর সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। তার সাময়িকভাবে বরখাস্তকালীন সময় বিএসআর পার্ট-১ এর বিধি ৭২ (এ) এর মর্মানুযায়ী কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ের জন্য বিধি মোতাবেক বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**ত্রাণ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ নভেম্বর ২০১৬

**নং ৫১.০০.০০০০.৪১০.১৮.০১২.১২-৪৯৪**—যেহেতু, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন বাগেরহাট জেলার রামপাল উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব স্বপন কুমার ব্রহ্ম-কে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা-এর দায়েরকৃত রামপাল থানার মামলা নং-০২, তারিখ ০৭-০৮-২০১৪-তে (ধারা-৪০৯/১০৯, পেনাল কোড, ১৮৬০ এবং The Prevention of Corruption Act, 1974 এর ৫(২) ধারা মোতাবেক) ২১-০৪-২০১৬ খ্রিঃ তারিখে আটক করা হয়েছে।

সেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ নং বিধি অনুযায়ী জনাব স্বপন কুমার ব্রহ্ম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামপাল, বাগেরহাট-কে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। তাঁর বিরুদ্ধে উল্লিখিত বিধিমালা অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হচ্ছে।

২। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং উহা ২১-০৪-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহ্ কামাল**
সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ০১ পৌষ ১৪২৩/১৫ ডিসেম্বর ২০১৫

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.১৫-৩২৪**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয় মৌজা-নীলফামারী টাউন, নীলফামারী সদর, নীলফামারী | ৫১২ | ৮৩২ | ০.৩২ | উত্তরে হাইস্কুলের নতুন ভবন দক্ষিণে স্কুলের মাঠ পূর্বে জেলা শিক্ষা ভবন ও জেলা স্কাউট ভবন পশ্চিমে স্কুলের মাঠ | নীলফামারী হাই স্কুল কমিটি পক্ষে সেক্রেটারী | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের ২৬-০৮-১৫ তারিখের ১০৮ নং স্মারকে এ বিষয়ে সদয় নির্দেশনা চেয়ে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর পত্র প্রেরণ করেছেন। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঞা**
সহকারী সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### আইন-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৮ অগ্রহায়ণ, ১৪২৩/২২ নভেম্বর, ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৬-৫৮৬**—ডিএমপি, ঢাকার হাজারীবাগ থানার মামলা নম্বর-০৩, তারিখ ০৪-০৮-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১২) ও (সংশোধনী/২০১৩) এর ১০-১১-১২ গত ০৩-০৮-২০১৬ খ্রিঃ তারিখ হাজারীবাগ মডেল থানাধীন মদিনানগর রায়েরবাজার শেখ মোহাম্মদ মহসীন উদ্দিন এর ২য় তলা বিল্ডিং এর নীচ তলার পূর্ব দক্ষিণ পার্শ্বের রুমের ভিতর আসামী মোঃ রাশেদুল আলম ওরফে রাশেদ ওরফে বাবু (২৫) পিতা মোঃ আঃ খালেকসহ ও অন্যান্য আসামীগণ হরকাতুল জিহাদ (হুজি) দলের সক্রিয় সদস্য। তারা আইন শৃঙ্খলাকে বিপর্যস্থ করা এবং খুন জখমের মাধ্যমে জনমনে আতংক সৃষ্টির ষড়যন্ত্রমূলক কাজে লিপ্ত ছিল। এছাড়া, আসামীদের বিরুদ্ধে ক্ষতিকরকার্যে জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্নসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি বিপন্ন করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**
সহকারী সচিব।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

### চিকিৎসা শিক্ষা-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৬

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৩**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক রওশন জাহান ইস্টার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল (ইউনানী), লক্ষ্মীপুর-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্নাতক মানে উন্নীতকরণে সরকারী অনুমতি প্রদান করা হলো ঃ

**শর্তাবলীঃ**

১. বেসরকারি পর্যায়ে ইউনানী-আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনার নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মতি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সাপেক্ষে স্নাতক কোর্সের শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে।

৩. স্নাতক কোর্স পরিচালনার জন্য সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৪. বর্তমান এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৪**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, বগুড়া-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্নাতক মানে উন্নীতকরণে সরকারী অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলীঃ**

১. বেসরকারি পর্যায়ে ইউনানী-আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনার নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মতি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সাপেক্ষে স্নাতক কোর্সের শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে।

৩. স্নাতক কোর্স পরিচালনার জন্য সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৪. বর্তমান এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৫**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক পঞ্চগড় ইউনানী মেডিকেল কলেজ এণ্ড হাসপাতাল, পঞ্চগড়-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে বর্ণিত প্রতিষ্ঠানের সরকারী অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলীঃ**

১. স্বীকৃতি প্রাপ্তির ২(দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠানের কার্যক্রম নিজস্ব ভবনে স্থানান্তর করতে হবে।

২. প্রতিষ্ঠানের বর্হিবিভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।

৩. সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৪. এতদসংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৬**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক শেখ মোঃ ইব্রাহিম খলিল মাজমপাড়া ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, গফরগাঁও, ময়মনসিংহ-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে বর্ণিত প্রতিষ্ঠানের সরকারী অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলীঃ**

১. প্রতিষ্ঠানের বর্হিবিভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।

২. সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৩. এতদসংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৭**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি সাভার হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, বি-৩১/এ, রাঢ়ীবাড়ী, আমতলা, জালেশ্বর, সোবাহানবাগ, সাভার-এর বিষয়ে বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড এর সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের অন্তবর্তীকালীন অনুমতি প্রদান করা হলো

**শর্তসমূহঃ**

(১) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রিকৃত নিজস্ব জমিটি বিক্রয় করতঃ শহরের ভিতরে উপযুক্ত পরিবেশে ও উন্নত স্থানে কমপক্ষে ৫০০০ বর্গফুটের ফ্লোর/স্পেস ক্রয় করে প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা করতে হবে এবং পরিপূর্ণভাবে আউটডোর, ইনডোর ও ল্যাবরেটরী স্থাপনসহ প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

(২) সরকার কর্তৃক জারীকৃত "দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩" ও "বোর্ড রেগুলেশন-১৯৮৫" এর বিধি-বিধান অনুসরণপূর্বক কলেজ ও হাসপাতালটি পরিচালনা করতে হবে।

(৩) বোর্ড কর্তৃক সংশোধিত ও অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক জনবল নিয়োগ ও পদোন্নতি দিতে হবে।

(৪) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(৫) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃত স্বীকৃতি প্রাপ্তির ০৫(পাঁচ) বছরের মধ্যে সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(৬) প্রাথমিক স্বীকৃতি ০৩(তিন) বছর অন্তবর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠান নীতিমালা-২০০৪ ও সরকার/বোর্ড প্রদত্ত শর্তাবলী/নিয়মাবলী/ নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতাল স্বীকৃতি স্থায়ী করা হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৮**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি ফেনী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, পাঠান বাড়ী রোড, ফেনী সদর, ফেনী-এর বিষয়ে বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড এর সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত প্রতিষ্ঠানের অন্তর্বর্তীকালীন অনুমতি প্রদান করা হলো ঃ

**শর্তাবলীঃ**

(১) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বর্তমান নির্মিতব্য ১০(দশ) তলা ভবনের ১ম থেকে ৩য় তলা পর্যন্ত সর্বমোট কম-বেশী ১০(দশ) হাজার বর্গফুট জায়গা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রিকৃত দলিল মূলে স্থাপন, প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

(২) সরকার কর্তৃক জারীকৃত "দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩" ও "বোর্ড রেগুলেশন-১৯৮৫" এর বিধি-বিধান অনুসরণপূর্বক কলেজ ও হাসপাতালটি পরিচালনা করতে হবে।

(৩) বোর্ড কর্তৃক সংশোধিত ও অনুমোদিত নিয়োগবিধি, বেতন-স্কেল ও পদসংখ্যা অনুসরণপূর্বক জনবল নিয়োগ ও পদোন্নতি দিতে হবে।

(৪) সময়ে সময়ে বোর্ড ও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন ও অনুসরণ করতে হবে।

(৫) প্রতিষ্ঠানটি বোর্ড ও সরকার কর্তৃক স্বীকৃতি প্রাপ্তির ০৫(পাঁচ) বছরের মধ্যে সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত কোন প্রকার বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবে না।

(৬) প্রাথমিক স্বীকৃতির ০৩(তিন) বছর অন্তর্বর্তীকালীন স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে। কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠান নীতিমালা-২০০৪ ও সরকার/ বোর্ড প্রদত্ত শর্তাবলী/নিয়মাবলী/নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা সরেজমিনে সময়ে সময়ে পরিদর্শন, বোর্ড বা সরকার কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদন সন্তোষজনক হওয়া সাপেক্ষে কলেজ ও হাসপাতাল স্বীকৃতি স্থায়ী করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদরুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৬

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৯.২০১৬-১০০**—যেহেতু বেগম মমতাজ বেগম, সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট-কে নারী ও শিশু নির্যাতন মামলা নং-৪৮/১৬ রুজু করা হয়।

যেহেতু, তাঁকে অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত রংপুর কর্তৃক গত ১৭-১০-২০১৬ তারিখ জামিন আবেদন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করা হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজু হয়েছে এবং জেল হাজতে প্রেরণের কারণে তার বিরুদ্ধে বিএসআর পার্ট-১ এর ৭৩ বিধি প্রযোজ্য হয়েছে।

এক্ষণে, সেহেতু, বেগম মমতাজ বেগম, সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, লালমনিরহাট-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক সাময়িক বরখাস্ত করা হলো।

প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা প্রাপ্ত হবেন।

এ আদেশ আদালত কর্তৃক জেল হাজতে প্রেরণের তারিখ ১৭-১০-২০১৬ হতে কার্যকর হবে।

**মোঃ সিরাজুল ইসলাম**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০১৭

**নং ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩-৭৭**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মরহুম মোঃ বেলাল হোসেন পাটওয়ারী, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নোয়াখালী, সরকারি চাকরিতে কর্মরত থাকা অবস্থায় বিগত ০৬-০১-২০১৭ তারিখ রোজ শুক্রবার সকাল ৬:০০ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর ০৬ দিন।

০২। মরহুম মোঃ বেলাল হোসেন পাটওয়ারী, লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন রতনপুর গ্রাম এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ০১-০১-১৯৬০ তারিখে জন্মগ্রহণ করেন। তিনি বিগত ০১-০৬-১৯৮৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য অধিদপ্তরে কর্মজীবন শুরু করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১ (এক) কন্যা সন্তান, ০১ (এক) পুত্র সন্তান, আত্মীয় স্বজন এবং বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ এবং নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ বেলাল হোসেন পাটওয়ারী এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।